

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা-১৩৪১

...

সভাপতি	ড. নাসরিন সুলতানা প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
সভার তারিখ	২২/১২/২০১৯ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান	প্রাণি উৎপাদন গবেষণা বিভাগের বিভাগীয় কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

গত ২২/১২/২০১৯ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বিএলআরআই ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

গত ২২ ডিসেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় ইনোভেশন অফিসার ড. নাসরিন সুলতানা এর সভাপতিত্বে বিএলআরআই এর প্রাণি উৎপাদন গবেষণা বিভাগের বিভাগীয় কার্যালয়ে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা নিম্নরূপ।

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১।	মোহাম্মদ লুৎফুল হক, সদস্য, ইনোভেশন টিম	সিস্টেম এনালিস্ট	স্বাক্ষরিত
০২।	ড. গৌতম কুমার দেব, মেন্টর, ইনোভেশন টিম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৩।	মোঃ ফয়জুল হোসাইন মিরাজ, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৪।	ডাঃ সোনিয়া আক্তার, ইনোভেটর	বৈজ্ঞানিক কর্মকর্তা	স্বাক্ষরিত
০৫।	মোঃ আল-মামুন, সদস্য, ইনোভেশন টিম	লাইব্রেরিয়ান	স্বাক্ষরিত

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ইনোভেশন অফিসার ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর আলোকে ইনোভেশন কর্মকান্ডের অগ্রগতি সম্পর্কে সভাপতি সভাকে অবহিত করেন। সভায় ০২ (দুই) টি ইনোভেশন আইডিয়া (খামার গুরু ও বিএলআরআই ব্রিডিং ম্যানেজার) মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য আইডিয়া দুটি'র বার্ষিক কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। 'গ্রিন অ্যাপস' শিরোনামের একটি নতুন আইডিয়া এর উদ্ভাবক কর্তৃক উপস্থাপন করা হয়। সভায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত/সুপারিশ/পরামর্শসমূহ

- ১। 'খামার গুরু' ও 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' অ্যাপস দুটি পাইলটিং এর সুনির্দিষ্ট বার্ষিক কর্মপরিকল্পনা ইনোভেশন অফিসারের নিকট জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' আগামী এক সপ্তাহের মধ্যে গুগল প্লে স্টোরে আপলোডের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। 'বিএলআরআই ব্রিডিং ম্যানেজার' এর পাইলটিং শুরু করার জন্য দ্রুত সাইট সিলেকশন এবং বাছাইকৃত খামারীদেরকে নিয়ে ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪। অ্যাপস সমূহের কপিরাইট বিএলআরআই এর নামে সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫। 'Green Apps' আইডিয়াটির উপযোগিতা ও সম্ভাব্যতা যাচাইপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬। "Development of a system generated database for cattle and buffalo research farm" শিরোনামে একটি আইডিয়া পরবর্তী সভায় এর উদ্ভাবক কর্তৃক উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৭। ইনোভেশন টিমের সদস্যদের প্রদত্ত পরামর্শ ও পাইলটিং এর ফিডব্যাক এর ভিত্তিতে অ্যাপস এর ফিচারসমূহ আধুনিকীকরণের

বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. নাসরিন সুলতানা
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.৩০৮.০৬.০০২.১৭.৩

তারিখ: ১৭ পৌষ ১৪২৬

০১ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৭) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৮) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ১১) পিএ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

মোঃ আল-মামুন
লাইব্রেরিয়ান